



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
পশ্চিম এশিয়া শাখা
ঢাকা

নং ১৯.০০.০০০০.৪৬৮.০২.৬০১.২০/৪৩০

০৩ আগস্ট ২০২১

প্রেরকঃ মোঃ জিয়াউর রহমান)
সহকারী সচিব
পশ্চিম এশিয়া অনুবিভাগ
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপকঃ জনাব মোঃ শাহরিয়ার আলম, এমপি
মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ তেহরানে অনুষ্ঠিতব্য ইরানের নব-নির্বাচিত প্রেসিডেন্ট-এর শপথ গ্রহণ অনুষ্ঠানে অংশগ্রহণের নিমিত্ত আগামী ০৪-০৭ আগস্ট ২০২১ এবং কাতারের দোহায় অনুষ্ঠিতব্য বাংলাদেশের উচ্চ পর্যায়ের দ্বিপাক্ষিক বৈঠকে অংশগ্রহণের নিমিত্ত আগামী ০৮-১১ আগস্ট ২০২১ তারিখে বাংলাদেশ হতে উচ্চ পর্যায়ের প্রতিনিধি দলের দলনেতা হিসেবে জনাব মোঃ শাহরিয়ার আলম, এমপি, মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর অনুকূলে ইরান ও কাতারে সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন।

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে তেহরানে অনুষ্ঠিতব্য ইরানের নব-নির্বাচিত প্রেসিডেন্ট-এর শপথ গ্রহণ অনুষ্ঠানে অংশগ্রহণের নিমিত্ত আগামী ০৪-০৭ আগস্ট ২০২১ এবং কাতারের দোহায় অনুষ্ঠিতব্য বাংলাদেশের উচ্চ পর্যায়ের দ্বিপাক্ষিক বৈঠকে অংশগ্রহণের নিমিত্ত আগামী ০৮-১১ আগস্ট ২০২১ তারিখে বাংলাদেশ হতে উচ্চ পর্যায়ের প্রতিনিধি দলের দলনেতা হিসেবে জনাব মোঃ শাহরিয়ার আলম, এমপি, মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর অনুকূলে ইরানে ও কাতারে সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

২। উল্লিখিত সরকারি সফরের জন্য মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী ০৪ আগস্ট ২০২১ অথবা এর নিকটবর্তী সময়ে ইরানের উদ্দেশ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি দলের দলনেতা হিসেবে ঢাকা ত্যাগ করবেন এবং ০৮ আগস্ট ২০২১ অথবা এর নিকটবর্তী সময়ে কাতারের উদ্দেশ্যে ইরান ত্যাগ করবেন। মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী ১২ আগস্ট ২০২১ অথবা এর নিকটবর্তী সময়ে ঢাকা-এর উদ্দেশ্যে কাতার ত্যাগ করবেন।

৩। সফরকালীন সময়ে তিনি সরকারি কাজে কর্তব্যরত আছেন বলে গণ্য হবেন এবং তাঁর বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না। উক্ত ভ্রমণ সংশ্লিষ্ট ব্যয় বিধি অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত (অর্থনৈতিক কোড ১১৮০১০১-১০৪১২৫-৩২৪৪১০১) হতে নির্বাহ করা হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষর:-

(মোঃ জিয়াউর রহমান)
সহকারী সচিব (পশ্চিম এশিয়া-২)
ফোন-৯৫৬৭৯০০
ইমেইল: as.wa1@mofa.gov.bd

নং ১৯.০০.০০০০.৪৬৮.০২.৬০১.২০/৪৩০

০৩ আগস্ট ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (এফএসও/এফএমও/এসএমও/সংস্থাপন/অর্থ/রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সংস্থাপন-১/ বাজেট/ তহবিল/হিসাব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৬। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। বাংলাদেশ দূতাবাস, তেহরান/দোহা।
- ৮। অফিস/ মাস্টার কপি।

স্বাক্ষর:-
০৬.০৮.২১
(মোঃ জিয়াউর রহমান)
সহকারী সচিব (পশ্চিম এশিয়া-২)